

**কিওয়ারগাটেন ও বেসরকারী
ইংরেজি মাধ্যম শিক্ষা
প্রতিষ্ঠানে কোন বই
সরকারের অনুমোদন
ছাড়া পড়ানো যাবে না**

আগামী ১৯৮৯ শিক্ষাবর্ষ থেকে ইতিমধ্যে গৃহীত এক সিদ্ধান্ত মোতাবেক ইংরেজি মাধ্যম কিওয়ারগাটেন ও সকল বেসরকারী ইংরেজি মাধ্যম শিক্ষা প্রতিষ্ঠানে কোন বই সরকারের অনুমোদন ব্যতীত পড়ানো যাবে না। এসব স্কুলের পাঠ্যসূচী ও পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত বইগুলোর পরীক্ষা করে অনুমোদন করার জন্য জাতীয় শিক্ষাক্রম ও টেকস্ট বুক বোর্ডের চেয়ারম্যানকে সভাপতি করে সরকার পাঁচ সদস্যের একটি কমিটি গঠন করে।

কমিটি তাদের দায়িত্ব পালনের উদ্দেশ্যে ইংরেজি মাধ্যম কিওয়ারগাটে বসব সকল বেসরকারী ইংরেজি মাধ্যম স্কুলের বিভিন্ন শ্রেণীতে যেসব বই পড়ানো হয় তা সংগ্রহপূর্বক পরীক্ষা করে এবং নির্বাচিত বইসমূহের একটি তালিকা প্রণয়ন করে। এই তালিকা ও এসব বিষয়ে কমিটির সুপারিশ সম্বলিত একটি রিপোর্ট সরকারের কাছে পেশ করা হয়। কমিটির সুপারিশ এবং বইয়ের তালিকা সরকার ইতিমধ্যে পরীক্ষা নিরীক্ষা করে অনুমোদন করেছে। কমিটি সমগ্রতি তাদের রিপোর্ট শিক্ষামন্ত্রীর কাছে আনুষ্ঠানিকভাবে পেশ করেছে।

সরকার কর্তৃক অনুমোদিত বইগুলোর তালিকা ঢাকার মতিঝিল জাতীয় শিক্ষাক্রম ও টেকস্ট বুক বোর্ডের চেয়ারম্যানের কাছে থেকে সংগ্রহ করা যাবে। খবর তথ্য বিবরণীর।